# বিএলওদের ভাতা দ্বিগুণ করল কমিশন!

**নয়াদিল্লি, ২ অগস্ট:** বিহারের ভোটার তালিকার সাম্প্রতিক 'বিশেষ নিবিড় সমীক্ষা' (এসআইআর)-পর্বে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন 'বুথ লেভেল আধিকারিক' (বিএলও)-রা। আগামী দিনে দেশের প্রতিটি রাজ্যেই পর্যায়ক্রমে সংশোধিত ভোটার তালিকা প্রস্তুত করার উদ্দেশ্যে এসআইআর চালু করা হবে বলে জানিয়েছে জাতীয় নির্বাচন কমিশন। তার আগে এ বার বিএলওদের




বার্ষিক ভাতা দ্বিগুণ করা কথা ঘোষণা করা হল কমিশনের তরফে।

এর পাশাপাশি শনিবার কমিশনের তরফে 'বিএলও সুপারভাইজার'-দের বাড়তি বার্ষিক ভাতা এবং 'ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার' বা ইআরও এবং 'অ্যাসিস্ট্যান্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার' বা এইআরও-দের সাম্মানিক অর্থ দেওয়ার কথাও ঘোষণা করা হয়েছে। বর্তমানে বিএলওদের বার্ষিক ভাতা ৬০০০ টাকা। তা বাড়িয়ে ১২ হাজার টাকা করা হচ্ছে। এ ছাড়া, কোনও রাজ্যে এসআইআর-এর কাজ শুরুর পরে সেই কাজে যুক্ত বিএলও-রা অতিরিক্ত ২০০০ টাকা করে ভাতা পাবেন। এত দিন পর্যন্ত সেই অতিরিক্ত ভাতার অঙ্ক ছিল ১০০০ টাকা। 'বিএলও সুপারভাইজার'-দের ক্ষেত্রে বার্ষিক ভাতা ১২ হাজার থেকে বাড়িয়ে ১৮ হাজার টাকা করার কথাও ঘোষণা করা হয়েছে কমিশনের তরফে। এ ছাড়া, এই প্রথম বার ইআরও এবং এইআরও-দের জন্য বার্ষিক সাম্মানিক বরাদ্দ করা হচ্ছে। তার অঙ্ক যথাক্রমে ২৫ হাজার এবং ৩০ হাজার টাকা।

# মালেগাঁও-কাণ্ডে মোদীর নাম জড়ানোর চেষ্টা হয়

## দাবি প্রজ্ঞা ঠাকুরের

**নয়াদিল্লি, ২ অগস্ট:** মালেগাঁও বিস্ফোরণ মামলায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ও আরএসএস প্রধান মোহন ভাগবতের নাম জড়ানোর চেষ্টা! এমনই বিস্ফোরক অভিযোগ তুলে সরব হলেন একটা সময় এই মামলায় নাম জড়ানো প্রাক্তন বিজেপি সাংসদ প্রজ্ঞা ঠাকুরের। তাঁর দাবি, ওই বিস্ফোরণকাণ্ডে গ্রেপ্তার হওয়ার পর তদন্তকারীরা তাঁর উপর চাপ সৃষ্টি করেন এই মামলায় নরেন্দ্র মোদী, যোগী আদিত্যনাথ, মোহন ভাগবতদের নাম নেওয়ার জন্য।

উল্লেখ্য, এর আগে প্রাক্তন অ্যান্টি টেররিজম স্কোয়াড সদস্য মেহবুব মুজওয়ারও একই রকম দাবি করেছিলেন। তিনি বলেছিলেন তদন্তকারী দলের ঊর্ধ্বতন কর্মকর্তারা তাকে আরএসএস প্রধান মোহন ভাগবতকে গ্রেপ্তার করতে বলেছিলেন, কিন্তু তাতে তিনি রাজি হননি। গত শুক্রবার মুজওয়ার



আরও দাবি করেন, এর পিছনে উদ্দেশ্য ছিল তদন্তকে ভুল পথে চালিত করা এবং মামলাটিকেকে গেরুয়া সন্ত্রাসবাদের মামলা হিসেবে দেখানো।

তৎকালীন কংগ্রেস সরকারের বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ তুলে শনিবার প্রজ্ঞা ঠাকুর বলেন, 'সেই সময় রাম মাধব-সহ একাধিক শীর্ষ নেতৃত্বের নাম এই মামলায় জড়িয়ে দেওয়ার জন্য আমার উপর চাপ সৃষ্টি করা হয়। ফুসফুসের সমস্যার জেরে আমাকে তখন হাসপাতালে অবৈধভাবে আটকে রাখা হয়। তবে সত্য কখনও চাপা থাকে না। যেহেতু আমি গুজরাতের বাসিন্দা ছিলাম, তাই এই মামলায় নরেন্দ্র মোদীর নাম জড়িয়ে দেওয়ার জন্য আমার উপর চাপ সৃষ্টি করা হয়। আমাকে দিয়ে মিথ্যে কথা বলানোর চেষ্টা করা হয়। তবে আমি কারও নাম নেইনি।' শুধু তাই নয় প্রজ্ঞা আরও দাবি করেছেন, এই মামলায় শুধু মোদী নন, নাম জড়ানোর চেষ্টা হয়েছিল যোগী আদিত্যনাথ ও আরএসএস প্রধান মোহন ভাগবত-সহ আরএসএসের ৪ শীর্ষ নেতার। এমনকী আরএসএস নেতা ইন্দ্রেশ কুমারের নামও এই তালিকায় ছিল।

# বেশি রাতে পার্টিতে গেলেই ধর্ষণ বা গণধর্ষণের শিকার হতে পারেন!

## গুজরাতের পোস্টারে বিতর্ক

**আমদাবাদ, ২ অগস্ট:** আমদাবাদের সোলা এবং চাঁদলোদিয়া এলাকায় রাস্তার ডিভাইডারের উপর বেশ কিছু পোস্টার বসানো হয়েছে। গুজরাতি ভাষায় লেখা ওই পোস্টারগুলি ঘিরেই বিতর্ক। ধর্ষণ বা গণধর্ষণের মতো ঘটনা এড়াতে মহিলাদের ঘরে বসে থাকার পরামর্শ দেওয়া হচ্ছে! আমদাবাদ ট্রাফিক পুলিশের 'পৃষ্ঠপোষকতা'য় এমন বেশ কিছু পোস্টার দেখা গিয়েছে গুজরাতের রাস্তায়।



সংবাদ সংস্থা পিটিআই অনুসারে, সেগুলির মধ্যে কোনওটিতে লেখা আছে, 'বেশি রাতের কোনও পার্টিতে যাবেন না, আপনি ধর্ষণ বা গণধর্ষণের শিকার হতে পারেন।' আবার কোনওটিতে লেখা আছে, 'আপনার বান্ধবীর সঙ্গে কোনও অন্ধকার শুনশান জায়গায় যাবেন না, যদি তাঁকে ধর্ষণ বা গণধর্ষণ করা হয়?' যদিও বিতর্ক দানা বাঁধতেই পোস্টারগুলি রাস্তার উপর থেকে সরিয়ে দেওয়া হয়েছে। পোস্টারগুলি নজরে আসতেই বিতর্ক দানা বেঁধেছে গুজরাতে। প্রশ্ন উঠতে শুরু করেছে আমদাবাদের ট্রাফিক পুলিশ ভূমিকা নিয়ে। গুজরাতে মহিলাদের নিরাপত্তা নিয়েও প্রশ্ন তুলতে শুরু করেছেন অনেকে।

বিতর্কিত এই পোস্টারগুলি ঘিরে অস্বস্তিতে পড়েছে প্রশাসনও। আমদাবাদের ডেপুটি পুলিশ কমিশনার (ট্রাফিক পশ্চিম) নীতা দেসাইয়ের বক্তব্য, 'সতর্ক গ্রুপ' নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন এই পোস্টারগুলি তৈরি করেছে। ট্রাফিক পুলিশের অনুমতি না নিয়েই স্বেচ্ছাসেবী সংগঠন পোস্টারগুলি ছাপিয়েছে বলে দাবি তাঁর। ডেপুটি পুলিশ কমিশনার জানান, পথসুরক্ষা সংক্রান্ত সচেতনতায় একটি কর্মসূচির জন্য ওই সংগঠন পুলিশের সঙ্গে যোগাযোগ করেছিল। কেবলমাত্র পথসুরক্ষা সংক্রান্ত পোস্টারগুলিই ট্রাফিক পুলিশের পৃষ্ঠপোষকতায় ছাপানো হয়েছে। নারীসুরক্ষা সংক্রান্ত কর্মসূচির জন্য নয়।

তবে পুলিশি 'পৃষ্ঠপোষকতা'য় এমন বিতর্কিত পোস্টার ছড়ানোয় বিজেপি শাসিত গুজরাতে মহিলাদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলতে শুরু করেছে বিরোধী দলগুলি। আম আদমি পার্টির দাবি, এই পোস্টারগুলি সে রাজ্যে মহিলার নিরাপত্তা সংক্রান্ত পরিস্থিতিকেই তুলে ধরে। এক বিবৃতিতে তারা বলেছে, 'গুজরাতের বিজেপি সরকার নারী ক্ষমতায়নের কথা বলে। কিন্তু বাস্তব পরিস্থিতি সম্পূর্ণ আলাদা। গত তিন বছরে গুজরাতে সাড়ে ছ'হাজারেরও বেশি ধর্ষণ এবং ৩৬ টিরও বেশি গণধর্ষণের ঘটনা ঘটেছে। প্রতিদিন পাঁচটিরও বেশি ধর্ষণের ঘটনা ঘটে।'

# ২০২০-তে হুমকি দেন জেটলি! রাহুলের দাবিতে বিতর্ক

**নয়াদিল্লি, ২ অগস্ট:** অরুণ জেটলিকে পাঠিয়ে ভয় দেখাতে চেয়েছিল বিজেপি! আজব দাবি করলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি। শনিবার একটি অনুষ্ঠানে রাহুল বলেন, কৃষি আইনের বিরুদ্ধে যখন তিনি প্রতিবাদ করছিলেন সেই সময়ে অরুণ জেটলি তাঁকে কার্যত হুমকি দেন। কিন্তু দিনক্ষণ বলছে, ২০১৯ সালের জুন মাসে জেটলি প্রয়াত হন। আর কেন্দ্র কৃষি বিল আনে ২০২তারপরেই প্রশ্ন ওঠে কংগ্রেস সাংসদের 'মিথ্যাচার' নিয়ে। কারণ দীর্ঘদিন অসুস্থ থাকার পর ২০১৯ সালের ২৪ অগস্ট দিল্লি এইমসে প্রয়াত হন প্রাক্তন অর্থমন্ত্রী জেটলি। তারও প্রায় বছরখানেক পরে ২০২০ সালের জুন মাসে সংসদে পেশ হয় বিতর্কিত কৃষি বিল। পরে ওই বছরের সেপ্টেম্বর মাসে বিল পাশ হয়ে তৈরি হয় কৃষি আইন। স্বভাবতই প্রশ্ন উঠছে, মৃত্যুর পর জেটলি কী করে কৃষি আইন নিয়ে রাহুলের সঙ্গে কথা বলতে পারেন?

শনিবার দিল্লিতে রাহুল বলেন, 'মনে পড়ে যখন আমি কৃষি আইনের বিরুদ্ধে প্রতিবাদ করছিলাম, তখন অরুণ জেটলিজিকে আমার কাছে পাঠানো হয়েছিল। তিনি আমাকে



হুঁশিয়ারি দিয়ে বলেন, তুমি যদি সরকারের বিরোধিতা করতে থাক, কৃষি আইনের প্রতিবাদ কর, তাহলে তোমার বিরুদ্ধে পদক্ষেপ করতে হবে। আমি তাঁর দিকে তাকিয়ে বলেছিলাম, আপনার বোধহয় ধারণা নেই আপনি কার সঙ্গে কথা বলছেন।' রাহুলের এই মন্তব্যের ভিডিও ছড়িয়ে পড়ে সর্বত্র।

গোটা ঘটনায় রাহুলকে তুলোধোনা করেছেন অরুণের পুত্র রোহন জেটলি। এক্স হ্যান্ডলে তিনি লেখেন, 'প্রথমত, মতপার্থক্য থাকলেও আমার বাবা কাউকে হুমকি দিতেন না। রাহুল গান্ধিকে মনে করিয়ে দিতে চাই আমার বাবা প্রয়াত হন ২০১৯ সালে আর কৃষি আইন পেশ হয় ২০২০ সালে। আমার বাবা প্রকৃত অর্থে গণতান্ত্রিক ছিলেন, মতপার্থক্য থাকলে আলোচনার মাধ্যমে সমাধান খুঁজতেন।

# ট্রাম্পের হুঁশিয়ারির পালটা মস্কোর

**মস্কো, ২ অগস্ট:** জলপথে আমেরিকার দু'টি রণতরীকে রুখতে যথেষ্ট সংখ্যক পরমাণু অস্ত্রবাহী ডুবোডাহাজ রয়েছে রাশিয়ার। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হুঁশিয়ারির পর পাল্টা হুঁশিয়ারি দিয়ে জানিয়েছে মস্কো। তবে রাশিয়ার সরকারি কোনও মুখপাত্র নন, এই বিষয়ে মুখ খুলেছেন সে দেশের পার্লামেন্ট ডুমার সদস্য ভিক্টর ভোডোলাটস্কি। শুক্রবার রাশিয়ার সরকারি সংবাদ সংস্থা 'তাস'-কে তিনি বলেন, বিশ্বের বিভিন্ন মহাসাগরে আমেরিকার তুলনায় যথেষ্ট সংখ্যক বেশি পরমাণু অস্ত্রবাহী ডুবোজাহাজ রয়েছে রাশিয়ার।'

শুক্রবার সমাজমাধ্যমে একটি পোস্ট করে প্রাক্তন রুশ প্রেসিডেন্ট তথা সে দেশের জাতীয় নিরাপত্তা পরিষদের ডেপুটি চেয়ারম্যান দিমিত্রি মেদভেদেভের 'উস্কানিমূলক' মন্তব্যের 'জবাব' দেন ট্রাম্প। সেই জবাবের সূত্রেই 'যথাযথ জায়গায়' দু'টি পরমাণু অস্ত্রবাহী ডুবোজাহাজ মোতায়েন করার নির্দেশ দেন তিনি। রাশিয়ার আন্তর্জাতিক বিষয় সম্পর্কিত পত্রিকা 'গ্লোবাল অ্যাফেয়ার্স ম্যাগাজিন'-এর সম্পাদক ফিওডর লুকিয়ানভ জানিয়েছেন, ট্রাম্পের হুঁশিয়ারিকে বিশেষ গুরুত্ব দেওয়ার প্রয়োজন নেই। তাঁর ব্যাখ্যা, 'ট্রাম্প আবেগতাড়িত হয়ে ওই কথা বলে ফেলেছেন। মার্কিন প্রেসিডেন্টের মন্তব্য শুনে আমেরিকার সামরিক আধিকারিকেরাও চমৎকৃত হবেন বলে খোঁচা দিয়েছেন তিনি।' ট্রাম্পের এই মন্তব্যের পাল্টা রুশ আইনসভার ওই সদস্য বলেন, 'উনি যথাযথ জায়গা বলতে যে দিকে ইঙ্গিত করেছেন, সেটা বহু বছর ধরেই আমেরিকার নিয়ন্ত্রণাধীন। তাই মস্কোর তরফে ওঁর মন্তব্য নিয়ে কিছু বলা হয়নি।'

## ময়দান

# আকাশদীপের রেকর্ডে উচ্ছ্বসিত গোটা ভারতীয় শিবির, শেষবেলায় ক্রলিকে ফিরিয়ে ধাক্কা দিল সিরাজ




**নিজস্ব প্রতিবেদন:** ওভাল টেস্টে ভারতীয় ব্যাটিং ঝড়ে কার্যত বিপর্যস্ত ইংল্যান্ড। তৃতীয় দিনে ভারতের ইনিংস থামে ৩৯৬ রানে। জয়ের জন্য ইংল্যান্ডের প্রয়োজন ৩৭৪ রান। শেষ বেলায় মহম্মদ সিরাজের আঘাতে ইংল্যান্ডের ইনিংসেও ধাক্কা। দিনের শেষে ইংল্যান্ডের স্কোর ৫০/১। দিনের নায়ক দুই তরুণ;যশস্বী জয়সওয়াল ও আকাশ দীপ। যশস্বী করেন অনবদ্য ১১৮ রান। কঠিন পরিস্থিতিতে ব্যাট হাতে দুর্দান্ত ধৈর্য ও ফর্ম দেখান এই বাঁ-হাতি ওপেনার। তাঁর ইনিংসে ছিল ১২টি চার ও ২টি ছয়। জীবনের ছয় নম্বর টেস্ট সেঞ্চুরি করলেন তিনি। মাঠে উপস্থিত ছিলেন তাঁর মা-বাবাও। তাঁদের সামনেই অসাধারণ সেঞ্চুরি করে ড্রেসিংরুমের দিকে উড়ন্ত চুম্বন ছুড়ে দেন যশস্বী। অন্যদিকে টেস্টে 'নৈশপ্রহরী' হিসেবে নামা পেসার আকাশ দীপ ব্যাট হাতে চমকে দেন। তিনি ৬৬ রানের মহামূল্যবান ইনিংস খেলেন। যা একটি ভারতীয় নাইটওয়াচম্যান হিসেবে দ্বিতীয় সর্বোচ্চ। তাঁর ইনিংসে ছিল ৮টি চারের মার। গোটা দল ও স্টেডিয়াম তাঁকে অভিনন্দনে ভরিয়ে দেয়। রবীন্দ্র জাদেজা নিজের অভিজ্ঞতা কাজে লাগিয়ে ফের গুরুত্বপূর্ণ হাফসেঞ্চুরি (৫৪) করেন। লোয়ার অর্ডারে ওয়াশিংটন সুন্দর ৪৬ বলে ৫৩ রানের বিধ্বংসী ইনিংস খেলেন। তাঁর ইনিংসে ছিল ৫টি চার ও ২টি ছয়। ইংল্যান্ডের বোলাররা শুরুতে ধারাবাহিকতা রাখলেও, শেষ বেলায় সেই গতি বজায় রাখতে পারেননি। ওকসের অনুপস্থিতি স্পষ্ট ছিল। ব্রাইডন কার্স বা গাস অ্যাটকিনসনরা মিডল ও লোয়ার অর্ডার ভাঙতে ব্যর্থ হন। এই ইনিংসের সুবাদে ইংল্যান্ডের সামনে ৩৭৪ রানের কঠিন লক্ষ্য দাঁড়ায়। যদিও ওভালের রেকর্ড বলছে, এখানকার সর্বোচ্চ রান তাড়া করে জয়ের রেকর্ড মাত্র ২৬৩। তাই ইতিহাস গড়াই এখন ইংল্যান্ডের একমাত্র পথ।তবে সিরাজ ইতিমধ্যেই ইংল্যান্ডকে চাপে ফেলে দিয়েছেন। মাত্র ১৪ রানে বোল্ড করে দেন জ্যাক ক্রলিকে। বেন ডাকেট ক্রিজে থাকলেও ইংল্যান্ডের সামনে পাহাড়প্রমাণ চ্যালেঞ্জ। হাতে আছে আরও দু'দিন। ভারতের হাতে ম্যাচের রাশ। এই ম্যাচে যদি ভারত জয় পায়, তাহলে 'গেমচেঞ্জার' হিসেবে আকাশ দীপের নাম ইতিহাসে লেখা থাকবে সন্দেহ নেই।

# বিনোর চিন্তায় ব্যারাকপুরের মাঠ

**নিজস্ব প্রতিবেদন:** মোহনবাগানের বিরুদ্ধে ডার্বি জিতে আত্মবিশ্বাসের তুঙ্গে বিনো জর্জের ইস্টবেঙ্গল। গত ম্যাচে আবার বিএসএসের বিরুদ্ধে হাফ ডজন গোলের ব্যবধানে জয়। রবিবার ব্যারাকপুরের বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় স্টেডিয়ামে পুলিশ এসিকে হারিয়ে তিন পয়েন্ট তুলে নিতে মরিয়া ইস্টবেঙ্গল। গত ম্যাচে জয় পেয়েছে পুলিশ এসিও। গ্রুপ এ-র লিগ টেবিলে চতুর্থ স্থানে রয়েছে পুলিশ। ইস্টবেঙ্গলকে লড়াই দেওয়ার জন্য প্রস্তুত পুলিশও।

শনিবার রাজারহাটের সেন্টার এক্সেলেন্সের অনুশীলনের পর বিনো জর্জ জানিয়ে দিলেন, তিন পয়েন্টই একমাত্র লক্ষ্য। তিনি বলেন, 'প্রস্তুতি ভালো হয়েছে। এই ম্যাচে কয়েকজন সিনিয়র খেলোয়াড়কেও আমরা পাচ্ছি। দু'জনেরই সমান সংখ্যক পয়েন্ট রয়েছে। আমরা নিশ্চিত তিন পয়েন্ট অর্জনের জন্যই নামব। কলকাতা লিগে সব দলই ১৯-২০। কোচ হিসেবে জয়ের দিকেই তাকিয়ে থাকব।' জেসিন টিকে এখনও ফিট হননি। তবে সিনিয়র দল থেকে বেশ কয়েকজন ফুটবলার আসায় স্ট্রাইকার সমস্যা মিটেছে। গত ম্যাচে বিএসএসের বিরুদ্ধে ছ'টি গোল, গোলদাতা ছ'জন।

লাল-হলুদ কোচ বিনো অবশ্য এইসব নিয়ে ভাবছেন না, তার চিন্তা বারাকপুরের মাঠ। বৃষ্টি হলে মাঠের অবস্থা নিয়ে ভাবনায় রয়েছেন তিনি।

# সিএবিতে পর্যবেক্ষকদের সেমিনারে সৌরভ-স্নেহাশিস

**নিজস্ব প্রতিবেদন:** বুধবার সিএবিতে হয়ে গেল পর্যবেক্ষকদের সেমিনার। সেখানে হাজির প্রাক্তন বিসিসিআই সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায় ও সিএবি সভাপতি স্নেহাশিস গঙ্গোপাধ্যায়।এছাড়াও ছিলেন পর্যবেক্ষক কমিটির চেয়ারম্যান শ্রীমন্ত কুমার মল্লিক,আম্পায়ার কমিটির চেয়ারম্যান প্রসেনজিৎ বন্দোপাধ্যায়।সেমিনারে আম্পায়ার অভিজিৎ ভট্টাচার্য, কৃষ্ণেন্দু পাল ও পর্যবেক্ষক সোহানলাল, সৌমেন কর্মকার ক্লাস করান। মোট ৭৫ জন অবজার্ভার দুটো সেশনে উপস্থিত ছিলেন।




শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- মোবাইল ৯৩৩১০৫৯০৬০/ ৯০০৭২৯৯৩৫৩/ ৯৮৭৪০ ৯২২২০

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

**TENDER**

E- Tenders are invited by The Prodhan, **Chhitka Gram Panchayat** (Under Tehatta- I Panchayat Samity), P.O- Chhitkadaspara, Nadia. NIET No -16 of Chhitka **GP of 2025-2026/15th/CFC/Untied, 17 of Chhitka GP of 2025-2026/15th/CFC/Tied,** 18 of Chhitka GP of **2025-2026/15th/CFC/**Untied, 19 of Chhitka GP of **2025-2026/15th/CFC/Tied,** Last date of submission **09.08.2025 up to 12p.m.** visit **www.wbtenders.gov.in**

**Sd/- Prodhan,**
**Chhitka Gram Panchayat.**

**OFFICE OF THE SAINTHIA MUNICIPALITY**
**P.O.:- SAINTHIA,DIST.:- BIRBHUM**

**NOTICE INVITING TENDER NO.-**
e-NIT NO:
WBMAD/SM/Engg.Sec/
ELEC/03 of 2025-26

The Chairman of Sainthia Municipality invited tenders for the work of - Electric work for Double Court Badminton Court at ward no 14 Under Sainthia Municipality.

Tenders Submission closing date:
I) 20.08.2025 at 11.00 A.M
For further details please contact the mentioned office.

Sd/-
Chairman
Sainthia Municipality
Sainthia,Birbhum

**Tender**

- **NIeT No-06/15th CFC (Tied)/2025-26, vide Memo No-201/GGP/2025, Dated-29/07/2025 & NIeT No-07/15th CFC (Tied)/2025-26, vide Memo No-202/ GGP/2025, Dated-29/07/2025 & NIeT No-08/15th CFC (Tied)/2025-26, vide Memo No-203/ GGP/2025, Dated-29/07/2025**

Above all Sealed tender are invited by Prodhan Gobardhandanga G.P. for various works/supply works from bonafied outside contractors as per G.O.

- Date of uploading of N.I.T & other Documents (Online): **30/07/2025 at 02.00 pm**
- Documents download/ sell start date (Online): **30/07/2025 at 04.00 pm**
- Bid submission start date: **30/07/2025 at 04.00 pm**
- Documents download/ sell end date (Online): **06/08/2025 at 02.00 pm**
- Bid submission closing date (Online) : **06/08/2025 at 02.00 pm**
- Technical bid opening date : **08/08/2025 at 02.30 pm.**

Others details are available in the office notice board and Web-Site: **http://wbtenders.gov.in**

**Sd/- Prodhan**
**Gobardhandanga Gram Panchayat**
**Sagardighi, Murshidabad**

**আশুতোষ এন্টারপ্রাইজেস লিমিটেড**
**CIN: L51109WB1981PLC034037**
রেজিস্টার্ড অফিস: ট্রিনিটি প্লাজা, ৪র্থ তল, ৮৪/১এ, তপসিয়া রোড (দক্ষিণ), কলকাতা-৭০০০৪৬
ফোন নং : ৪০৫৫-৬৮০০, ইমেল: asutosh@asutosh.co.in

**৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল**

(লাখ টাকায়)

| বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষ সমাপ্ত |
|---|---|---|---|---|
| | ৩০.০৬.২০২৫ | ৩১.০৩.২০২৫ | ৩০.০৬.২০২৪ | ৩১.০৩.২০২৫ |
| | অনিরীক্ষিত | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত |
| কার্যাদি থেকে মোট আয় | - | - | - | - |
| নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব | (৪.৪৩) | (১.৮৮) | (৬.৫৭) | ৩৮১.০৬ |
| নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা কর পরবর্তী) | (৪.৪৩) | (১.৮৮) | (৬.৫৭) | ৩৮১.০৬ |
| নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা কর পরবর্তী) | (৪.৪৩) | (০.৮৮) | (৬.৫৭) | ৩১২.৫৯ |
| বর্তমান সময়ের মোট আয় (এই সময়ের (কর পরবর্তী) লাভ/(ক্ষতি) এবং অন্যান্য আয় (কর পরবর্তী)) | (৪.৪৩) | (০.৮৮) | (৬.৫৭) | ৩১২.৫৯ |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ২২৪.১০ | ২২৪.১০ | ২২৪.১০ | ২২৪.১০ |
| অন্যান্য ইক্যুইটি | - | - | - | ২,০৭৩.৯১ |
| মৌলিক ও মিশ্রিত আয় শেয়ার প্রতি (১০/- টাকা প্রতিটি) | (০.২০) | (০.০৪) | (০.২৯) | ১৩.৯৫ |

**দ্রষ্টব্য** সেবি (এলওডিআর)-র রেগুলেশন, ২০১৫ সালের রেগুলেশন ৩৩ অধীনে সংভার বিনিময় কেন্দ্রে ফাইল করা অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ উপরোক্তটি। সংভার বিনিময় কেন্দ্রের ওয়েবসাইট (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.asutosh.co.in) -এ ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে এবং নিচে প্রদত্ত কিউআর কোড স্ক্যান করে এই ফলাফলগুলোও অ্যাক্সেস করা যেতে পারে:

স্থান: কলকাতা
তারিখ: ০১ অগস্ট, ২০২৫

পরিচালন পর্ষদের পক্ষে
স্বা/-
ভি. এন. আগরওয়াল
ডিরেক্টর

**বেঙ্গল স্টিল ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
**CIN: L70109WB1947PLC015087**
রেজিস্টার্ড অফিস : ট্রিনিটি প্লাজা, ৪র্থ তল, ৮৪/১এ, তপসিয়া রোড (দক্ষিণ), কলকাতা-৭০০০৪৬
ফোন নং : ৪০৫৫৬৮০০, ইমেল: bengalsteel@bengalsteel.co.in

**৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফল**

(লাখ টাকায়)

| বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | | কনসোলিডেটেড | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষ সমাপ্ত | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষ সমাপ্ত |
| | ৩০.০৬.২০২৫ | ৩১.০৩.২০২৫ | ৩০.০৬.২০২৪ | ৩১.০৩.২০২৫ | ৩০.০৬.২০২৫ | ৩১.০৩.২০২৫ | ৩০.০৬.২০২৪ | ৩১.০৩.২০২৫ |
| | অনিরীক্ষিত | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত |
| কার্যাদি থেকে মোট আয় | ১৫.০০ | ১৫.০০ | ১২.০০ | ৫৭.০০ | ১৫.০০ | ১৫.০০ | ১২.০০ | ৫৭.০০ |
| নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব | ৬.৬০ | ৭.৭০ | (৮.৯১) | ২১.২৬ | ৬.৪৮ | ৭.৬৭ | (৯.১৩) | ২০.৮৮ |
| নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা কর পরবর্তী) | ৬.৬০ | ৭.৭০ | (৮.৯১) | ২১.২৬ | ৬.৪৮ | ৭.৬৭ | (৯.১৩) | ২০.৮৮ |
| নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা কর পরবর্তী) | ৫.৫৭ | ৬.৪৭ | (৮.৯১) | ১৭.৯১ | ৫.৪৫ | ৬.৪৪ | (৯.১৩) | ১৭.৫৩ |
| মোট ব্যাপক আয় (সময়কালের (কর পরবর্তী) সমন্বিত লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)) | ৫.৫৭ | ৬.৪৭ | (৮.৯১) | ১৭.৯১ | ৫.৪৫ | ৬.৪৪ | (৯.১৩) | ১৭.৫৩ |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ৪৯০.০০ | ৪৯০.০০ | ৪৯০.০০ | ৪৯০.০০ | ৪৯০.০০ | ৪৯০.০০ | ৪৯০.০০ | ৪৯০.০০ |
| অন্যান্য ইক্যুইটি | - | - | - | ৫১৫.৯৫ | - | - | - | ৫১০.০০ |
| মৌলিক ও মিশ্রিত শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) | ০.১১ | ০.১৩ | (০.১৮) | ০.৩৭ | ০.১১ | ০.১৩ | (০.১৯) | ০.৩৬ |

**দ্রষ্টব্য** সেবি (এলওডিআর)-র রেগুলেশন, ২০১৫ সালের রেগুলেশন ৩৩ অধীনে সংভার বিনিময় কেন্দ্রে ফাইল করা স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ উপরোক্তটি। সংভার বিনিময় কেন্দ্রের ওয়েবসাইট সমূহ (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.bengalsteel.co.in) -এ ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে এবং নিচে প্রদত্ত কিউআর কোড স্ক্যান করে এই ফলাফলগুলোও অ্যাক্সেস করা যেতে পারে:

**স্থান: কলকাতা**
**তারিখ: ০১ অগস্ট, ২০২৫**

পরিচালন পর্ষদের পক্ষে
স্বা/-
ভি. এন. আগরওয়াল
ডিরেক্টর

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**